

## এমআইএসটি'র ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের স্থাপত্য বিভাগের (২য় পর্ব) ভর্তি পরীক্ষার পরিবর্তিত সময়সূচী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা ২০ ডিসেম্বর ২০২৫ (শনিবার) অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। গত ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী শরিফ ওসমান হাদীর মৃত্যুতে ০১ (এক) দিনের রাষ্ট্রীয় শোক পালনের অংশ হিসেবে পরীক্ষাটি স্থগিত হয়ে যায় যা আগামী ২৭ ডিসেম্বর ২০২৫ তারিখ (শনিবার) বিকাল ১৫৩০-১৭০০ ঘটিকা পর্যন্ত গ্রহণের ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এমতাবস্থায়, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুরোধ সাপেক্ষে এমআইএসটি'র ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের শুধুমাত্র স্থাপত্য বিভাগের ২য় পর্বের (২৭ ডিসেম্বর ২০২৫ তারিখের ১৫০০-১৭০০ ঘটিকায়) অনুষ্ঠিতব্য পরীক্ষা আগামী ২৮ ডিসেম্বর ২০২৫ তারিখ (রবিবার) ১৫০০-১৭০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, এমআইএসটি'র ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ইঞ্জিনিয়ারিং ও স্থাপত্য বিভাগের (১ম পর্ব) ভর্তি পরীক্ষা ২৭ ডিসেম্বর ২০২৫ তারিখে (১০০০ ১৩০০ ঘটিকা) পূর্ব নির্দেশনা অনুযায়ী যথাসময়ে অনুষ্ঠিত হবে।